গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

ও

পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ : ১২ জুন, ২০২৪ সময় : ০৯.৩০ ঘটিকা
স্থান : প্রকল্প সমন্বয়কের অফিসকক্ষ, ৫ম তলা হাজিরা : পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য কমিউনিকেশন অফিসারকে অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কাজের সংক্ষিপ্ত বর্ণনা, বিগত মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | ল্যান্ড গেজ স্থাপন | ক) প্রকল্প হতে ইতোমধ্যে তিন জেলায় চূড়ান্তকৃত ৬০টি ল্যান্ড গেজ এর কন্সট্রাকশনের কাজ সম্পন্ন হয়েছে। এ সকল ল্যান্ড গেজের রং এবং স্কেল অঙ্কনের কাজ চলমান রয়েছে। রং এবং স্কেল অঙ্কনের কাজ সম্পন্ন হলে নির্ধারিত স্থানে ল্যান্ড গেজগুলো পরিবহনের ব্যবস্থা করা, বন্যা আসার পূর্বেই ল্যান্ড গেজগুলো স্থাপনের কাজ সম্পন্ন করা এবং এই কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদান ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা হয়।<br><br>খ) ল্যান্ড গেজ স্থাপনে সার্বিক সহযোগিতার জন্য যেসকল ওয়ার্ডে | ক) রং এবং স্কেল অঙ্কনের কাজ সম্পন্ন হলে নির্ধারিত স্থানে বন্যা আসার পূর্বেই ল্যান্ড গেজগুলো স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে।<br><br>খ) ল্যান্ড গেজ স্থাপনে সার্বিক সহযোগিতার জন্য সংশ্লিষ্ট | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট, রিজিওনাল কো-অর্ডিনেটর ও ফিল্ড ফ্যাসিলিটেটর (কুড়িগ্রাম, গাইবান্ধা ও জামালপুর) |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ল্যান্ড গেজ বসানো হবে সেসকল ওয়ার্ডের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সাথে ফিল্ড ফ্যাসিলিটেটরদের সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সাথে সভা আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ০৩। | ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন | ১৯টি উপজেলায় কিয়স্ক ড্যাশবোর্ডের জন্য প্রয়োজনীয় ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের জন্য উপযুক্ত স্থান ও নিরাপত্তার জন্য স্টীল বা অন্য কোন টেকসই স্বচ্ছ বস্তু দিয়ে নিরাপত্তা বেষ্টনী দেওয়ার বিষয়ে আলোচনা হয়। | কিয়স্ক ড্যাশবোর্ডের টিভি/ডিসপ্লে বোর্ড স্থাপনের জন্য উপজেলা পরিষদের উপযুক্ত স্থান নির্বাচন ও স্টীল বা অন্য কোন টেকসই স্বচ্ছ বস্তু দিয়ে নিরাপত্তামূলক বেষ্টনীর ব্যবস্থা করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও আইসিটি স্পেশালিস্ট |
| ০৪। | ত্রৈমাসিক সভা | প্রকল্পের ত্রৈমাসিক সভায় বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র থেকে একজন প্রতিনিধিকে আমন্ত্রণ জানানোর বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের ত্রৈমাসিক সভায় বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র থেকে একজন প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার , কমিউনিকেশন অফিসার ও রিজিওনাল কো-অর্ডিনেটর |
| ০৫। | ভয়েস মেসেজ পোর্টাল | বন্যা মৌসুমে ভয়েস মেসেজের মাধ্যমে আগাম সতর্কাবার্তা প্রচারের জন্য সিস্টেম ডেভেলপমেন্ট ও সিস্টেম টেকসইকরণে উপযুক্ত VOIP সার্ভিস প্রোভাইডার নির্বাচনে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য পরবর্তী সভার বিষয়ে আলোচনা হয়। | ভয়েজ মেসেজ পোর্টাল টেকসইকরণে সেবা গ্রহণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট VOIP সার্ভিস প্রোভাইডার/ কর্মকর্তাদের সাথে আগামী ৩০শে জুন সভার আয়োজন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও আইসিটি স্পেশালিষ্ট |
| ০৬। | বন্যা ঝুঁকি ব্যবস্থাপনা ও আগাম সতর্কবার্তা বিষয়ক প্রশিক্ষণ | মোট ১৫টি বন্যা ঝুঁকি ব্যবস্থাপনা ও আগাম সতর্কবার্তা এবং ১৪ টি দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>অবশিষ্ট ৪টি বন্যা ঝুঁকি ব্যবস্থাপনা ও আগাম সতর্কবার্তা ও ৯টি দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ এর অগ্রগতি নিয়ে আলোচনা হয় । | জুলাই ২০২৪ এর মধ্যে অবশিষ্ট বন্যার ঝুঁকি ব্যবস্থাপনা ও আগাম সতর্কবার্তা এবং দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও রিজিওনাল কো-অর্ডিনেটর |
| ০৭। | বার্ষিক অগ্রগতি অবহিতকরণ বিষয়ক কর্মশালা | ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক অগ্রগতি অবহিতকরণ বিষয়ক কর্মশালার প্রস্তুতি নিয়ে আলোচনা হয়। | ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক অগ্রগতি বিষয়ক কর্মশালার সকল প্রস্তুতি ২৫শে জুনের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার, রিজিওনাল কো-অর্ডিনেটর ও জিআইএস স্পেশালিস্ট |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪.৫০

তারিখ: ১৩-০৬-২০২৪ খ্রিঃ

**অনুলিপি: জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৩। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট (প্রকল্প সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট